

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৬-৪৭

তারিখ: ০৭/০২/২০২৬ খ্রি.

নোটিশ

বিষয়: বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক/কর্মচারী ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য ভুলের কারণে EFT তে বেতনভাতাদি পাননি তাদের সঠিক তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কতিপয় শিক্ষক/কর্মচারী EFT (Electronic Fund Transfer) পদ্ধতিতে ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্যের (একাউন্ট ধারীর নাম/একাউন্ট নম্বর/রাউটিং নম্বর ইত্যাদি) ত্রুটির কারণে নির্ধারিত সময়ে বেতন-ভাতাদি প্রাপ্ত হননি।


২। এমতাবস্থায়, সংযুক্ত তালিকায় উল্লেখিত শিক্ষক/কর্মচারীদের সঠিক ও হালনাগাদ ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের (www.techedu.gov.bd) ডান ব্লকে “অভ্যন্তরীণ ই-সেবাসমূহ” হতে NTRCA Info বাটনে ক্লিক করে অনলাইন Bounce Back তথ্য পূরণের সহায়িকা (কপি সংযুক্ত) অনুসরণ করে আগামী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে সম্পন্নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এতে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তাদের প্রাপ্য বেতন-ভাতাদি EFT পদ্ধতিতে পরিশোধ করা সম্ভব হবে। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণে ব্যর্থ হলে বেতন-ভাতাদি EFT পদ্ধতিতে প্রাপ্তিতে কোনো জটিলতা হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

সংযুক্তিঃ

- (১) শিক্ষক/কর্মচারীর তালিকা
- (২) অনলাইন Bounce Back তথ্য পূরণের সহায়িকা

প্রাপক

অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, বেসরকারি কারিগরি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (সংযুক্ত তালিকার জন্য প্রযোজ্য)।



মোহাম্মদ সাইফুল হক খান
সহকারি পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৬-৪৭ (২২৭০)

তারিখ: ০৭/০২/২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। আঞ্চলিক পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, বেসরকারি কারিগরি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।


মোহাম্মদ সাইফুল হক খান
সহকারি পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর